# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জেলার খবর | 26 March, 2025

শেখ মুজিবুর রহমানকে স্বাধীনতার ঘোষক দাবি করে ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সিরাজুম মুনিরা কায়ছান ফেসবুকে পোস্ট দেয়া হয়েছে। বুধবার (২৬ মার্চ) সকালে এই পোস্ট দেয়া হয়। সামাজিক মাধ্যমে এই পোস্ট দেয়ার পর সরাইল জুড়ে তোলপাড় শুরু হয়েছে।তবে তার দাবি পোস্টটি ফেসবুক হ্যাক করে দেয়া হয়েছে।

এদিকে, শেখ মুজিবুর রহমানকে স্বাধীনতার ঘোষক দাবি করে পোস্টকে ঘিরে ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলা সহকারি কমিশনার (ভূমি) সিরাজুম মুনিরা কায়ছানকে তার দায়িত্ব থেকে প্রাথমিকভাবে অব্যাহতি দেয়া হয়েছে। পোস্টে শেখ মুজিবুর রহমানের নামের আগে বঙ্গবন্ধু হিসেবে উল্লেখ করা হয়।

যদিও অ্যাসিল্যান্ড পরবর্তীতে পোস্ট দিয়ে দাবি করেছেন লেখাটি তিনি লিখেননি। আইডি হ্যাক হয়েছিল। পরে আবার তিনি আইডি ফিরে পান।

পোস্ট দেয়ার পর সরাইল অন্নদা উচ্চ বিদ্যালয়ের মাঠে স্বাধীনতা দিবসের কুচকাওয়াজে গেলে সেখানে বিএনপির নেতাকর্মীদের তোপের মুখে পড়েন অ্যাসিল্যান্ড সিরাজুম মুনিরা কায়ছান।এরপর তিনি মাঠ থেকে ফিরে আসেন।এর প্রায় পৌনে এক ঘণ্টার পর সেই পোষ্ট মুছে ফেলা হয়।পরে আরেকটি পোষ্ট করা এতে প্রথম পোষ্টটি ফেসবুক হ্যাক করে করা হয়েছে বলে দাবি করা হয়।

এ ব্যাপারে সরাইল উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মোশারফ হোসেন জানান, এসিল্যান্ড দাবি করেছে লেখাটি তিনি লিখেননি।এ আইডির পাসওয়ার্ড অনেকের কাছে ছিলো।ঘটনার পর তাকে সরাইল থেকে প্রত্যাহার করে চট্রগ্রাম বিভাগীয় কমিশনারের কার্যালয়ে পাঠাতে বলা হয়েছে।বিষয়টির তদন্ত চলছে।

ব্রাহ্মণবাড়িয়া উপজেলা সহকারী শেখ মুজিবুর রহমান অ্যাসিল্যান্ড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:07

URL: https://www.timestodaybd.com/public/countrywide/77580732